# Lecture 01

# Art of Translation: Basic sentence structures (Bengali to English)

**Teacher's Work:**

- ১২টি Tense এর Active ও Passive Voice এর Structures এবং বাংলা চেনার উপায়।
- Assertive Sentence এর Structure।
- Complex এবং Compound Sentence এর Structures।

কোনো বাক্যকে ইংরেজিতে অনুবাদ করতে হলে প্রথমেই বাক্যের মূল অংশটি আলাদা করে নিতে হবে। এরপর মূল অংশের ক্রিয়া খুঁজে বের করতে হবে। তাহলেই বাক্যের কর্তা এবং কর্ম সহজেই খুঁজে পাওয়া যাবে। মূল বাক্যাংশ বাদে বাক্যে অতিরিক্ত যা কিছু থাকে সেগুলো Modifiers/Extension-এর কাজ করে। কোনো Sentence কে বাংলা থেকে ইংরেজি অনুবাদ করতে হলে–সাধারণত পিছনের শব্দ থেকে শুরু করতে হবে, অর্থাৎ পিছন দিক থেকে অনুবাদ করতে হবে। যেমন-

গাড়ি থামাতে হলে **শিকল টানুন**।

**English-** **Pull the chain** to stop the train.

**জনাব রেজা** তার গ্রামের অশিক্ষিত মানুষদেরকে শিক্ষিত করার জন্য **একটি নৈশ বিদ্যালয় চালু করতে যাচ্ছেন**।

**English-** **Mr. Reza is going to start a night school** to educate the illiterate people of his village.

ক্রমবর্ধমান খাদ্য চাহিদা মেটাতে **আমাদের কৃষকেরা** ধানের দাম কম হওয়া সত্ত্বেও **ধান চাষ করেন**।

**English-** **Our farmers cultivate paddy** to meet the increasing food demand in spite of less price of paddy.

## Teachers' Work

১. বিপুল সমারোহে এক বর্ণাঢ্য অনুষ্ঠানের মাধ্যমে জসিম সাহেবকে নিরক্ষরতা দূরীকরণে অসামান্য অবদানের জন্য একতা মডেল ক্লাবের আজীবন সদস্য নির্বাচন করা হয়।

২. আমাদের এলাকার এক বৃদ্ধ দাদু প্রতি শুক্রবার সকাল ১০টায় একটি বটগাছের নিচে মাদুরের উপর বসে ছোট ছোট বাচ্চাদের সামনে জাফর ইকবালের লেখা মজার মজার গল্প শোনান।

৩. জলবায়ু পরিবর্তনের এই কঠিন সন্ধিক্ষণে জীব বৈচিত্র্য ও পরিবেশের উপর বিরুপ প্রভাবের কথা বিবেচনা না করেই আসবাবপত্র ও জ্বালানি কাঠ তৈরি করার জন্য সারা বিশ্বজুড়ে অসংখ্য গাছ কাটা হচ্ছে।

৪. ১৯৭১ সালে মুক্তিযুদ্ধের শুরুর দিকে বাংলাদেশ থেকে হাজার হাজার পরিবার তাদের প্রিয়জনদেরকে নিষ্ঠুর পাকিস্তানি সৈন্যদের দ্বারা নিশ্চিত নির্মম মৃত্যুর হাত থেকে বাঁচাতে রাতের অন্ধকারে ছোট ছোট কাঠের নৌকায় করে গভীর নদী পাড়ি দিয়ে প্রতিবেশী দেশ ভারতে আশ্রয় নিয়েছিল।

৫. আমাদের বসতবাড়ির আশেপাশে বৃক্ষরোপণ করে, দৈনন্দিন জীবনে কার্বন-ডাই-অক্সাইডের পরিমাণ কমাতে তেলের পরিবর্তে গ্যাস চালিত এবং হাতে চালিত যন্ত্রপাতি ও যানবাহন ব্যবহার করে, যেখানে সেখানে ময়লা-আবর্জনা ফেলা বন্ধ করে এবং জনগণকে সচেতন করার মধ্য দিয়ে আমরা আমাদের পরিবেশকে খুব সহজেই বাঁচাতে পারি।

৬. আমাদের কৃষকেরা প্রায় ১৮ কোটি জনগণের খাদ্য চাহিদা মেটাতে সকাল সন্ধ্যা খোলা আকাশের নিচে দাঁড়িয়ে, রোদে পুরে, বৃষ্টিতে ভিজে উচ্চফলনশীল ধান চাষ করে।

৭. নির্বিচারে গাছ কাঁটার কারণে ও প্রচুর পরিমাণে শিল্প কারখানা বৃদ্ধি পাওয়ার কারণে আমাদের বায়ুমণ্ডলে কার্বন-ডাই-অক্সাইডের পরিমাণ হু হু করে বাড়ছে।

৮. বৃক্ষ আমাদেরকে পুষ্টি পুরণের জন্য ফল, আসবাবপত্র তৈরির জন্য কাঠ, জীবন বাঁচানোর জন্য অক্সিজেন সরবরাহ করে এবং প্রাকৃতিক দুর্যোগ থেকে বাঁচানোর জন্য ঢাল হিসেবে বন্ধুর মতো সবসময় পাশে থাকে।

## Students' Work

০১. প্রাচীনকালে ভারতের এক অর্থশাস্ত্রবিদ ঋণ করিয়া ঘি খাইবার পরামর্শ দিয়েছিলেন। *(Bangladesh Bank AD -2014)*

**Subject + verb + object + adverb of manner + adverb of time**

S = ভারতের এক অর্থশাস্ত্রবিদ = An Indian economist

V = পরামর্শ দিয়েছিলেন = suggested

O= ঘি খাইবার = to consume butter

M = ঋণ করিয়া = on taking debt

T = প্রাচীনকালে = in ancient time

**Full Sentence:** An Indian economist suggested to consume butter on taking debt in ancient time.

০২. **পল্লী সমাজের দাদন প্রথা, মহাজনী সুদ প্রথা, এক সময়ে কাবুলি-ওয়ালাদের সুদি কারবারসহ নানা ধরনের ঋণ ব্যবস্থা ব্রিটিশ আমলে এবং ইহার আগে ও পরে আমাদের সমাজে প্রচলিত থাকিতে দেখা গিয়েছে।** *(Bangladesh Bank AD -2014)*

**Subject + verb + adverb of place**

S = পল্লী সমাজের দাদন প্রথা, মহাজনী সুদ প্রথা, এক সময়ে কাবুলিওয়ালাদের সুদি কারবারসহ নানান ধরনের ঋণ ব্যবস্থা = Various types of debt customs including the Dadan system in rural society, interest system of landlord and prevailing interest system of kabuliyalas

V = থাকিতে দেখা গিয়েছে = were seen to be existed

P = ব্রিটিশ আমলে এবং ইহার আগে ও পরে আমাদের সমাজে = in British period and earlier and later of this regime in our society



CamScanner

**Full Sentence:-**Various types of debt customs including the Dadan system in rural society, interest system of landlord and prevailing interest system of kabuliyala were seen to be existed in British period and earlier and later of this regime in our society.

০৩. **হতদরিদ্ররা জীবিকা নির্বাহের বা নিছক কোনোক্রমে বাঁচিয়া থাকিবার জন্যই ঋণ গ্রহণে আগ্রহী এবং বাধ্য হয়।** *(Bangladesh bank AD -2014)*

**Subject + verb + adverb of reason**

S = হতদরিদ্ররা = the destitute

V = ঋণ গ্রহণে আগ্রহী এবং বাধ্য হয় = are interested and compelled to take loans

R = জীবিকা নির্বাহের বা নিছক কোনো ক্রমে বাঁচিয়া থাকিবার জন্যই = for earning livelihood or simply to exist

**Full Sentence:-** The destitute are interested and compelled to take loans for earning livelihood or simply to exist.

০৪. **আপনার বাড়ির পাশেই অযত্নে-অবহেলায় গাছ-গাছালি মাথা তুলে দাঁড়িয়ে থাকে।** *(Bangladesh Bank AD -2015)*

**Subject + verb + adverb of manner + adverb of place**

S = গাছগাছালি = Trees and plants

V = মাথা তুলে দাঁড়িয়ে থাকে = stand up head-high

M = অযত্নে-অবহেলায় = without proper care and attention

P = আপনার বাড়ির পাশেই = beside your house

**Full Sentence:** Trees and plants stand up head-high without proper care and attention beside your house.

০৫. **সুন্দর ও নির্মল পরিবেশ মানুষের জীবনে বয়ে আনে শান্তির ঝর্ণা ধারা** *(IFIC Bank Probationary Officer-2011)*

**Subject + verb + object+ adverb of place**

S = সুন্দর ও নির্মল পরিবেশ = Fresh and clean environment

V = বয়ে আনে = brings

O = কি বয়ে আনে? = শান্তির ঝর্ণাধারা = stream of happiness

P = কোথায়? = মানুষের জীবনে = in human life

**Full Sentence:** Fresh and clean environment brings stream of happiness in human life.

০৬. **আন্তর্জাতিক বাজারের চাহিদার দিকটি বিবেচনায় নিয়ে বিভিন্ন ক্ষেত্রে দক্ষ শ্রমিক গড়ে তুলতে প্রয়োজনীয় প্রশিক্ষণের ব্যবস্থা করতে হবে।** *(Bank Asia-2017 MT)*

**Subject + verb + object + object of manner + place + reason.**

S = We **(এখানে উহ্য আছে)**

V = ব্যবস্থা করতে হবে= have to arrange

O = প্রয়োজনীয় প্রশিক্ষণের= necessary trainings

M = আন্তর্জাতিক বাজারের চাহিদার দিকটি বিবেচনায় নিয়ে = by considering the demand of international market

P = বিভিন্ন ক্ষেত্রে= in different sectors

R = দক্ষ শ্রমিক গড়ে তুলতে= to produce skilled workers

**Full Sentence:** We have to arrange necessary trainings by considering the demand of international market in different sectors to produce skilled workers.

০৭. **বাংলাদেশের তৈরি পোশাক কারখানার কর্ম পরিবেশের নিরাপত্তার উল্লেখযোগ্য অগ্রগতি হয়েছে।** *[Southeast Bank (AO) 2017]*

**Subject + verb + adverb of place**

S = উল্লেখযোগ্য অগ্রগতি = Notable progress

V = হয়েছে = has taken place

P = বাংলাদেশের তৈরি পোশাক কারখানার কর্মপরিবেশের নিরাপত্তার = in the security system of working environment of readymade garments factories in Bangladesh

**Full sentence:-**Notable progress has taken place in the security system of working environment of readymade garments factories in Bangladesh.

০৮. **কলকারখানার শব্দের চেয়ে গাড়ির হর্ন এবং ইঞ্জিনের শব্দই নাগরিকদের জন্য বেশি বিরক্তিকর বলে মনে করেন শহরের বেশির ভাগ নাগরিক।** *[Pubali Bank* **(Cash)** *2011]*

**Subject + verb + object**

S = শহরের বেশির ভাগ নাগরিক = most of the city dwellers

V = মনে করেন = believe

O= কলকারখানার শব্দের চেয়ে গাড়ির হর্ন এবং ইঞ্জিনের শব্দই নাগরিকদের জন্য বেশি বিরক্তিকর = that the buzzers of vehicles and sound of engines are more irritating than the sound of mills and factories

**Full Sentence:** Most of the city dwellers believe that the buzzers of vehicles and sound of engines are more irritating than the sound of mills and factories.

০৯. **দ্বিখণ্ডিত সিটি করপোরেশন অখণ্ড সিটি করপোরেশনের অদক্ষতার উত্তরাধিকারই বহন করছে।** *[Pubali Bank Senior Officer -2013]*

**Subject + verb + object**

S = দ্বিখণ্ডিত সিটি করপোরেশন = Bisected/Bifurcated city corporation

V = বহন করছে = is carrying

O= অখণ্ড সিটি করপোরেশনের অদক্ষতার উত্তরাধিকারই = the tradition of continuous ineffeciency of integrated city corporation.

**Full Sentence:-** Bisected City Corporation is carrying the tradition of continuous ineffeciency of integrated city corporation.

১০. **সঠিক সময়ে আর্থিক সহযোগিতা প্রদানের জন্য বাংলাদেশের বাণিজ্যিক ব্যাংকগুলো গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে পারে।** *[Sonali Bank (SO)-2010]*

**Subject + verb + object+ adverb of reason**

S = বাংলাদেশের বাণিজ্যিক ব্যাংকগুলো = The commercial banks of Bangladesh

V = ভূমিকা রাখতে পারে = can play

O= গুরুত্বপূর্ণ ভূমিকা = a vital role

R = সঠিক সময়ে আর্থিক সহযোগিতা প্রদানের জন্য = in supplying financial assistance at the right time



CamScanner

**Full Sentence:-** The commercial banks of Bangladesh can play a vital role in supplying financial assistance at the right time.

১১. বাংলাদেশের উন্নয়ন মূলত কৃষিকাজের ওপর নির্ভরশীল
The development of Bangladesh mainly depends on the agricultural works.

১২. শরৎকালে রাতে রূপালি চাঁদ দেখা যায়
Silvery moon is seen in the Autumn night.

১৩. দেশপ্রেমিক নাগরিক বাংলাদেশের প্রধান সম্পদ
Patriot citizen is the main/prime resource of Bangladesh./A patriot citizen is the main resource of Bangladesh.

১৪. এক সময়ের খরস্রোতা নদীটি এখন দূষণে মৃতপ্রায়।
Once a river flowing with a strong current is now moribund in pollution.

১৫. একাত্তরের বীর মুক্তিযোদ্ধারা দেশ ও জাতির গৌরব।
Heroic freedom fighters of 71s' are the pride of the country and nation.

১৬. শীতে গ্রাম-বাংলার চিরায়ত দৃশ্য খেজুর গাছে ঝোলানো কলসি।
A hanging pitcher on the date tree in winter is a well-known sight of the villages in Bangla.

১৭. আমরা সমাজ জীবনের প্রতিটি ক্ষেত্রে অসহিষ্ণুতার সংস্কৃতি থেকে বেরিয়ে আসতে চাই।
We want to come out from the culture of impatience in every fields of our social life.

১৮. দেশের কৃষির বিকাশে প্রতিভাবান শিক্ষিত তরুণদের অংশগ্রহণ পয়মন্ত ভূমিকা রাখবে।
Participation of the talented and educated youngsters in the evolution of the country's agriculture will play a great role.

১৯. ব্যাংকিং খাত অর্থ সংকটে পড়ার অন্যতম কারণ খেলাপি ঋণের ব্যাপকতা।
The main reason of financial crisis in the banking sector is the prevalence of defaulted loans.

২০. দেশের উন্নয়নের প্রতিটি ক্ষেত্রে নারীরা তাদের দক্ষতা ও যোগ্যতার স্বাক্ষর রাখছে।
Women are leaving their mark of efficiency and worthiness in every fields of development.

২১. বুড়িগঙ্গা নদী দূষণমুক্ত করতে কর্তৃপক্ষ নতুন প্রকল্প হাতে নিয়েছে।
The authority has taken new project to free the Buriganga from pollution.

২২. জলবায়ু পরিবর্তনের কারণে বিশ্বে বজ্রপাতের পরিমাণ বেড়েছে।
The number of thunderstorm has increased due to the climate change.

২৩. বাংলাদেশের অর্থনীতির সূচকসমূহ ক্রমশঃ শক্তিশালী ও উর্ধ্বমুখী হচ্ছে।
The indexes of Bangladeshi Economy are getting stronger and going up gradually.

২৪. বিদেশে অর্থ পাচারের ফলে দেশে বিনিয়োগ বাধাগ্রস্ত হচ্ছে এবং দুর্নীতি উৎসাহিত হচ্ছে।
Investment is being hampered and corruption is being encouraged due to money laundering abroad.

২৫. সুশাসনের অভাব, অদক্ষ ব্যবস্থাপনা এবং খেলাপি ঋণের বৃদ্ধি ব্যাংকিং খাতের জন্য এখন অশনি সংকেত।
Lack of good governance, inefficient management system, and increase of default loans are now ominous sign for banking sector.

২৬. বাংলাদেশের তৈরি পোশাক কারখানার কর্ম পরিবেশের নিরাপত্তায় উল্লেখযোগ্য অগ্রগতি হয়েছে।
Security of working environment of Bangladesh in the readymade garments sector has been improved significantly.

২৭. গত কয়েক বছর ধরে বাংলাদেশের অভ্যন্তরীণ অর্থনৈতিক প্রবৃদ্ধি ৭ শতাংশের কাছাকাছি আছে
Internal economic growth of Bangladesh is near about 7% during last decade.

২৮. চলতি বছর বিশ্ব অর্থনীতিতে মসৃণ প্রবৃদ্ধি থাকবে বলে পূর্বাভাস দিয়েছে বিশ্বব্যাংক।
World Bank has predicted a smooth growth in the world economy for the ongoing year.

২৯. প্রাকৃতিক ও মানবসৃষ্ট কারণে প্রতি বছরই কমছে আবাদযোগ্য জমির পরিমাণ।
The amount of cultivable land is declining/decreasing every year due to natural and man-made reasons.

৩০. নীতিশাস্ত্র হলো নীতির একটি সমগ্র অংশ যা মূল্যবোধ, আদেশ এবং নীতির তদারকি করে।
Ethics is an entire body of principles which investigates values, orders and norms.

৩১. তিন দিন যাবত মুষলধারে বৃষ্টি হচ্ছে।
It has been raining for last three days.

৩২. গত দুই দশকে বিশ্বজুড়ে তথ্যপ্রযুক্তিতে ঘটেছে অভাবনীয় সব পরিবর্তন ও সাফল্য।
Remarkable change and success over the world were made in the information and technology sector in last two decades.

৩৩. তথ্য প্রযুক্তি সময় ও দূরত্বকে জয় করেছে।
Information-technology has conquered the time and distance.

৩৪. বাংলাদেশও তথ্যপ্রযুক্তির স্পর্শে জেগে উঠেছে।
Bangladesh has also woken up with the touch of information-technology.

৩৫. দেশে সম্প্রতি তথ্যপ্রযুক্তির উল্লেখযোগ্য বিকাশ ঘটেছে।
Noteworthy growth has been noticed in IT sector recently.

৩৬. বাংলাদেশে টেলিযোগাযোগসহ কৃষি, শিক্ষা, স্বাস্থ্য, আমদানি-রপ্তানি, সরকারি-বেসরকারিসহ অনেক কর্মকাণ্ড নিয়ন্ত্রিত হচ্ছে অটোমেটেড ডিজিটাল পদ্ধতিতে।
Automated digital system is being used in the process of controlling jobs including telecommunication, agriculture, education, health, export-import and govt. and non govt. activities.



CamScanner

৩৭. ইতোমধ্যেই চট্টগ্রাম বন্দরে চালু হয়েছে অটোমেশন।
Automation has already been implemented at Chattogram port.

৩৮. অনলাইনে শেয়ারবাজার ও ব্যাংকিং কর্মকাণ্ডসহ বিশ্ববিদ্যালয়গুলোতে ভর্তির জন্য আবেদনপত্র সংগ্রহ ও জমা দেয়ার পাশাপাশি ওয়েবসাইটে পাওয়া যাচ্ছে পরীক্ষার ফলাফল।
Share market, banking activities along with collection and submission of university admission form and the result of any examinations are being found through websites.

৩৯. ফলে অপারেটর, প্রোগ্রামার, হার্ডওয়্যার-সফটওয়্যার ইঞ্জিনিয়ার পদে বহুলোকের কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি হয়েছে।
As a result, many employments have been created for operators, programmers and hardware-software engineers.

৪০. আধুনিক বিশ্বে শিক্ষাগত পরিবর্তন প্রক্রিয়া নানা কারণে গতিময় হয়ে উঠেছে।
The process of educational change has become dynamic in the modern world for various reasons.

৪১. যোগাযোগ ও আদান-প্রদানের নতুন নতুন প্রযুক্তিগত মাধ্যম, আধুনিক পদ্ধতিতত্ত্ব, সর্বাধুনিক শিক্ষা উপকরণ ও শিক্ষা সমাজের প্রতিটি পর্যায়ে দ্রুত পরিবর্তন আনতে সক্ষম হচ্ছে।
Newly invented technological medium of communication and interaction, modern methodology, ultra-modern education material and education are able to bring a radical change in every stage of the society.

৪২. শিক্ষা হলো একটি সামাজিক প্রক্রিয়া, যে প্রক্রিয়ার দ্বারা সমাজশক্তির কর্তৃত্ব ব্যক্ত হয়।
Education is a social process through which the authority of social strength is revealed.

৪৩. আমাদের সমাজে এই শক্তি রাষ্ট্রকেও প্রভাবিত করে।
This strength also influences the state in our society.

৪৪. আবার এদেশের শিক্ষার একটি বৃহত্তম অংশ রাষ্ট্রের নিয়ন্ত্রণাধীনে পরিচালিত।
Again, a greater part of education in this country is conducted by the state control.

৪৫. তাই সরকার যে শিক্ষা নীতি ধার্য করে সেই নীতি স্বাভাবিকভাবে সমাজব্যবস্থায় রূপান্তর ঘটাতে সক্ষম হয়।
So, the education policies that the government formulates are generally able to change the social system.

৪৬. সামাজিক প্রক্রিয়া হিসেবে সমাজ পরিবর্তনে শিক্ষার ভূমিকার স্বীকৃতি আমরা আমেরিকান প্রয়োগবাদী শিক্ষা-দার্শনিক জন ডিউইয়ের আলোচনাতেও লক্ষ করি।
We notice the acknowledgement of the role of education in social change as a social process in the discussion of John Dewe, an American empiricist education philosopher.

৪৭. তিনি বলেন, শিক্ষা শুধু একটি ভিত্তিহীন প্রক্রিয়া নয়; এটি সামাজিক প্রক্রিয়া।
He says that education is not merely a baseless machanism; rather it is a social process.

৪৮. প্রক্রিয়া হলো একটি আদি, অন্তহীন গতি। এই গতি নিরবচ্ছিন্ন, সদা পরিবর্তনশীল।
Process is an endless motion. This motion is continuous and ever changing.

৪৯. শিক্ষা কোনো কৃত্রিম গতি নয়। এটি মানবজীবনের স্বাভাবিক গতি-প্রক্রিয়া। এই প্রক্রিয়ার সাহায্যে সামাজিক পটভূমিতে মানুষ তার জীবনকে পুনর্গঠন করে।
Education is not any artificial motion. It is a natural momentum of human life. Human beings reshape their life through this process in social perspective.

৫০. বাংলাদেশের রাজধানী ঢাকার সাথে দেশের দক্ষিণাঞ্চলে যোগাযোগ ব্যবস্থা সহজ করার লক্ষ্যে বাংলাদেশের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার উদ্যোগে সদ্য নির্মিত হয়েছে পদ্মা সেতু যা দক্ষিণাঞ্চলের অর্থনৈতিক উন্নয়নে ব্যাপক অবদান রাখবে।
In order to facilitate the communication system between the capital of Bangladesh, Dhaka and the southern part of the country; the Padma bridge has been recently constructed under the initiative of the Honorable Prime Minister of Bangladesh Sheikh Hasina, which will greatly contribute to the economic development of the southern part.

## Students' Work | Writing Vocab

### Different Social Issue-Related Words & Phrases

| Words | Bengali Meaning |
|---|---|
| Gender disparity | লিঙ্গ অসমতা |
| Gender discrimination | লিঙ্গ বৈষম্য |
| Privilege | সুযোগ-সুবিধা |
| Rights | অধিকার |
| Women empowerment | নারীর ক্ষমতায়ন |
| Human rights | মানবাধিকার |
| Humanity | মনুষ্যত্ব |
| Humanist | মানবতাবাদী |
| Rape | নারী ধর্ষণ |
| Sexual harassment | যৌন নির্যাতন |
| Extra judicial killing | বিচার বহির্ভূত হত্যা |
| Child abuse | শিশু নির্যাতন |
| Child labor | শিশু শ্রম |
| Culture of insecurity | নিরাপত্তাহীনতার সংস্কৃতি |
| Social justice | সামাজিক ন্যায়বিচার |
| Social injustice | সামাজিক অবিচার |
| Social contract | সামাজিক চুক্তি |
| Fundamentalism | মৌলবাদ |
| Food security | খাদ্য নিরাপত্তা |
| Malnutrition | অপুষ্টি |
| Mass education | গণশিক্ষা |
| Declining standard/quality of education | নিম্নগামী শিক্ষার মান |



CamScanner

| Words | Bengali Meaning |
|---|---|
| Divorce | বিবাহ বিচ্ছেদ |
| Cultural diversity | সাংস্কৃতিক বৈচিত্র্য |
| Cultural aggression | সাংস্কৃতিক আগ্রাসন |
| Legal steps/action | আইনানুগ ব্যবস্থা |
| Eve-teasing | যৌন হয়রানি |
| Suicide | আত্মহত্যা |
| Suicidal | আত্মঘাতী |
| Drug addiction | নেশাগ্রস্ত |
| Unemployment | বেকারত্ব |
| Quota system | কোটা পদ্ধতি |
| Reformation | সংস্কার |
| Social outlook/attitude | সামাজিক দৃষ্টিভঙ্গি |
| Urbanization | নগরায়ণ |
| Franchise | ভোটাধিকার |
| Right to information | তথ্য অধিকার |
| Question leaking | প্রশ্ন ফাঁস |
| Crisis | সংকট |
| Rohingya Crisis | রোহিঙ্গা সংকট |
| Migration crisis | অভিবাসন সংকট |
| Maternal mortality | মাতৃমৃত্যু |
| Infant mortality | শিশুমৃত্যু |
| Sexual assault | যৌন নির্যাতন |
| Ethnic cleansing | জাতিগত নিধন/নির্মূল |
| Militancy | জঙ্গিবাদ |
| Extremism | উগ্রবাদ |
| Secularism | অসাম্প্রদায়িকতা |
| Education-initiation | শিক্ষা-দীক্ষা |
| Freedom of press | সংবাদপত্রের স্বাধীনতা |
| Freedom of speech | বাক-স্বাধীনতা |
| National culture | জাতীয় সংস্কৃতি |
| Tribe | উপজাতি |
| Minor race | ক্ষুদ্র জাতিসত্তা/বর্ণ |
| Ethnic | জাতিগত |
| Ethnic sect | নৃ-গোষ্ঠী |
| Community | সম্প্রদায় |
| Peace, security and solidarity | শান্তি, নিরাপত্তা ও সংহতি |

## Climate Change Related Words & Phrases

| Words | Bengali Meaning |
|---|---|
| Climate change | জলবায়ু পরিবর্তন |
| Global warming | বৈশ্বিক উষ্ণতা |
| Disaster/Calamity | দুর্যোগ |
| Emission of carbon | কার্বন নিঃসরণ |
| Atmosphere | বায়ুমণ্ডল |
| Atmospheric degradation | বায়ুমণ্ডলীয় অবনতি/অবক্ষয় |
| Adverse impact/effect | বিরূপ প্রভাব |
| Vulnerable | ঝুঁকিপূর্ণ |
| Vulnerability | ঝুঁকি |
| Abrupt/rapid climate change | দ্রুত জলবায়ু পরিবর্তন |
| Adaptation | অভিযোজন/খাপ খাওয়ানো |
| Global response | বৈশ্বিক সাড়া |
| Afforestation | বনায়ন |
| Deforestation | বৃক্ষনিধন |
| Cyclone | ঘূর্ণিঝড় |
| Flood | বন্যা |
| Drought | খরা |
| Ecosystem | বাস্তুসংস্থান |
| Energy efficiency | জ্বালানি দক্ষতা/কার্যকারিতা |
| Fossil fuel | জীবাশ্ম জ্বালানি |
| Green house effect | গ্রিনহাউজ প্রতিক্রিয়া |
| Industrial revolution | শিল্পবিপ্লব |
| Ultraviolet ray | অতিবেগুণী রশ্মি |
| Height of sea level | সমুদ্রপৃষ্ঠের উচ্চতা |
| Inundate | প্লাবিত করা |
| Landfill | ভূমি ভরাট |
| Bio-diversity | জীববৈচিত্র্য |
| Viable | টেকসই |
| Viability | বাস্তবোপযোগিতা/কার্যক্ষমতা |
| Ozone layer | ওজোন স্তর |
| Resilience | স্থিতিস্থাপকতা |
| Respiration | শ্বসন |
| Salt water | লবণাক্ত পানি |
| Weather and climate | আবহাওয়া ও জলবায়ু |
| Sea level rise | সমুদ্রপৃষ্ঠের উচ্চতা বৃদ্ধি |
| Global average temperature | বৈশ্বিক গড় তাপমাত্রা |
| Methane | মিথেন |
| Mitigation | প্রশমন/কমানো |
| Global awareness | বৈশ্বিক সচেতনতা |
| Government action | সরকারের পদক্ষেপ |
| Public awareness | জনসচেতনতা |
| Stake-holder of climate change | জলবায়ু পরিবর্তনে অংশীদার |
| Safeguard | সুরক্ষা করা |

## Liberation War Related Words & Phrases

| Words | Bengali meaning | Words | Bengali meaning |
|---|---|---|---|
| Six point movement | ছয় দফা আন্দোলন | Disparage Dignity of mother and sisters | মা-বোনদের সম্ভ্রমহানি করা |



CamScanner

| Words | Bengali meaning | Words | Bengali meaning |
|---|---|---|---|
| Liberation War | মুক্তিযুদ্ধ | Charter of Bengalis emancipation | বাঙালি মুক্তির সনদ |
| Spirit of Liberation War | মুক্তিযুদ্ধের চেতনা | Regional autonomy | আঞ্চলিক স্বায়ত্তশাসন |
| Proclamation of independence | স্বাধীনতার ঘোষণা | Survival | অস্তিত্ব |
| Armed conflict | সশস্ত্র সংগ্রাম | Exploitation | শোষণ |
| Spirit of liberation war | মুক্তিযুদ্ধের চেতনা | Domination | কর্তৃত্ব |
| Friendship to all, malice to none | বৈরিতা নয়, সকলের সাথে বন্ধুত্ব | Dominance | আধিপত্য |
| Bangalee nation | বাঙালি জাতি | Annihilate | নির্মূল |
| Steel-like firmness | ইস্পাত কঠিন দৃঢ়তা | Defense | প্রতিরক্ষা |
| Crackdown | আকস্মিক হামলা | Independent state | স্বাধীন রাষ্ট্র |
| Genocide | গণহত্যা | Secessionist | বিচ্ছিন্নতাবাদী |
| Refugee | শরণার্থী | Shouldered | কাঁধে কাঁধ মিলানো |
| In the heart of Bangalee | বাঙালির হৃদয়ে | Disperse | ছত্রভঙ্গ করা |
| Inspiration of Bangalee | বাঙালির অনুপ্রেরণা | Tremendous enthusiasm | বিস্ময়কর উদ্দীপনা |
| Pride and glory | গৌরব ও গর্ব | Inspiration | অনুপ্রেরণা |
| In exchange of blood | রক্তের বিনিময়ে | Negotiable | মীমাংসাযোগ্য |
| In exchange of millions of lives | লক্ষ প্রাণের বিনিময়ে | Compromise | আপোষ/ মীমাংসা |
| Self-dignity | আত্মমর্যাদা | Agitation | উত্তেজনা /আন্দোলন |
| Bangalee nationalism | বাঙালি জাতীয়তাবাদ | Anxiety | উৎকণ্ঠা |
| Common civilians | সাধারণ নাগরিক | Excitement | হুজুগ/ উত্তেজনা |
| Unarmed people | নিরস্ত্র মানুষ | Regime | শাসন |
| Intellectuals | বুদ্ধিজীবী | Torture | নিপীড়ন |
| Bengali Cleansing | বাঙালি নিধন | Conspiracy | ষড়যন্ত্র |
| Civil war | গৃহযুদ্ধ | Conspiracy case | ষড়যন্ত্র মামলা |

| Words | Bengali meaning | Words | Bengali meaning |
|---|---|---|---|
| Provisional government | অস্থায়ী সরকার | Weapons | অস্ত্র |
| Martial law | সামরিক আইন | Funds | তহবিল |
| Guerrilla attack | গেরিলা যুদ্ধ | Armed revolt | সশস্ত্র বিপ্লব |
| Banglaee autonomy | বাঙালি স্বায়ত্তশাসন | Nonviolent movement | অহিংস আন্দোলন |
| Liberated | স্বাধীন | Mass upheaval | গণজাগরণ |
| Alarming | ভয়ানক | Fall | পতন |
| Brutality | বর্বরতা | Emergence of Bangladesh | বাংলাদেশের অভ্যুদয় |
| Oppression | অত্যাচার | Disparity | অসমতা |
| Domination | শাসন/দখল | Tyranny | স্বৈরশাসন/ অত্যাচার |
| Colonial rule | ঔপনিবেশিক শাসন | Resistance | প্রতিরোধ |
| Equality | সমতা/সাম্য | Ruling party | ক্ষমতাসীন দল |
| Social justice | সামাজিক ন্যায়বিচার | Opposition party | বিরোধী দল |
| Bellicose/ Aggressive | মারমুখো | Distrust and discontent | অবিশ্বাস/অনাস্থা এবং অসন্তুষ্টি |
| Counter attack | পাল্টা আক্রমণ | Two nation theory | দ্বি-জাতি তত্ত্ব |
| Frontier fight | সম্মুখ যুদ্ধ | Culmination | চরম সীমা |
| Frontier resistance | সম্মুখ প্রতিরোধ | Non-Bengali | অবাঙালি |
| To curb | নির্মূল করতে | Defend | প্রতিরোধ করা |
| Casualty | আকস্মিক দুর্যোগ | Participation | অংশগ্রহণ |
| Residential hall | আবাসিক হল | Transfer power | ক্ষমতা হস্তান্তর |
| Infantry battalion | পদাতিক বাহিনী | A red letter day | স্মরণীয় দিন |
| Cold War | স্নায়ু যুদ্ধ | A black day | কালোদিবস |
| Operation Searchlight | অপারেশন সার্চলাইট | Unprecedented | অভূতপূর্ব/ নজিরহীন |
| Operation Jackpot | অপারেশন জ্যাকপট | Spontaneous demonstration | স্বতঃস্ফূর্ত আন্দোলন |
| Code name | সাংকেতিক নাম | Embattled country | যুদ্ধাহত দেশ |
| Freedom fighter | মুক্তিযোদ্ধা | Curfew | কারফিউ |
| War-heroine/ Amazon | বীরাঙ্গনা | Condemn | নিন্দা করা |



CS CamScanner

| Words | Bengali meaning | Words | Bengali meaning |
|---|---|---|---|
| Emancipation | মুক্তি | Killing of unarmed people | নিরস্ত্র বেসামরিক লোকদের হত্যা |
| Defeat | পরাজয় | Civilians | বেসামরিক লোকজন |
| Pakistani agent | পাকিস্তানি দালাল | Paralyzed | পঙ্গু/অচল |
| Surrender | আত্মসমর্পণ | Non cooperation movement | অসহযোগ আন্দোলন |
| Strategic war | কৌশলগত যুদ্ধ | Summon | জারি করা/ আহ্বান করা |
| Diplomatic recognition | কূটনৈতিক স্বীকৃতি | Outright rejection | সরাসরি প্রত্যাখ্যান |
| Sovereign state | সার্বভৌম রাষ্ট্র | Outrage | জুলুম/অত্যাচার |
| Pre-war | যুদ্ধপূর্ব | Brutality | বর্বরতা |
| Post-war | যুদ্ধ পরবর্তী | Militant maneuver | সামরিক রণকৌশল |
| Battalion | বাহিনী | Confrontation | মোকাবিলা/ সম্মুখীন |
| Bow down | মাথানত করা | Provocation | জ্বালাতন/ প্ররোচনা |
| Liberty | স্বাধীনতা | Withdrawal of martial law | সামরিক আইন প্রত্যাহার |
| Patriotic (adj.) | দেশপ্রেমী | Barbaric | বর্বর |
| Patriot | দেশপ্রেমিক | Innocent civilians | নিরীহ অসামরিক লোক |
| Fearless | নির্ভীক | Troops | সৈন্য বাহিনী |
| Traitor/ Betrayer | বিশ্বাসঘাতক/ রাজাকার | Expel | বিতাড়িত করা |
| Independence day | স্বাধীনতা দিবস | Democratic movement | গণতান্ত্রিক আন্দোলন |
| Martyrs day | শহীদ দিবস | Millions of refugee | হাজার হাজার উদ্বাস্তু |
| Victory day | বিজয় দিবস | Shelter | আশ্রয় |
| National day | জাতীয় দিবস | Distressed people | নিপীড়িত জনগণ |
| With flying colours/ with pride of victory | বিজয় গৌরবে | Inception of crisis | সংকটের সূত্রপাত/ সূচনা |

## Language Movement Related Words & Phrases

| Words | Bengali meaning | Words | Bengali meaning |
|---|---|---|---|
| Bengali language movement | বাংলা ভাষা আন্দোলন | New dimension | নতুন মাত্রা |
| Mother-tongue | মাতৃভাষা | Plot against Bengali Language | বাংলা ভাষার বিরুদ্ধে ষড়যন্ত্র |
| Medium of sharing outlook | ভাব প্রকাশের মাধ্যম | Call for | ডাকা |
| State language | রাষ্ট্র ভাষা | Lingua franca | সর্বসাধারণের ভাষা |
| Official language | দাপ্তরিক ভাষা | Government order | সরকারি আদেশ |
| Strikes and rallies | হরতাল ও র‍্যালি | Anti government movement | সরকার বিরোধী আন্দোলন |
| Boycott | প্রত্যাহার করা | Impose | জারি করা |
| Procession | মিছিল | Section 144 | ১৪৪ ধারা |
| Demonstration | আন্দোলন/ সক্রিয় আন্দোলন | Assembly | সমাবেশ |
| Demonstrator | আন্দোলনকারী /সক্রিয় আন্দোলনকারী | Violate | ভঙ্গ করা/ অমান্য করা |
| Slogan in the favour of Bengali | বাংলার পক্ষে স্লোগান | Armed police | সশস্ত্র পুলিশ |
| Tamaddun Majlish | তমদ্দুন মজলিশ | Fire upon | গুলি চালানো |
| Police atrocities | পুলিশি নৃশংসতা/ বর্বরতা | Agitated students | উত্তেজিত ছাত্ররা |
| Severely injured | মারাত্মকভাবে আহত | Shouting slogan | স্লোগান দেওয়া |
| Banned | নিষিদ্ধ | Public demonstration | গণসমাবেশ |
| Snatch away | ছিনিয়ে আনা | Linguistic diversity | ভাষাগত বৈচিত্র্য |
| Under such circumstances | এমন অবস্থার মধ্যে | Prime carrier of culture | সংস্কৃতির প্রধান বাহন |
| Demand for | দাবি জানানো | Exercise mother-tongue | মাতৃভাষা চর্চা |
| Ignore the demand | দাবি প্রত্যাখ্যান | Exercise foreign language | পরভাষা চর্চা |
| Protest against | প্রতিবাদ করা | Sense of patriotism | দেশপ্রেমের চেতনা |
| Remained firm | অনড় থাকা | Base of nationalism | জাতিসত্তার ভিত্তি |



CamScanner